দৈনিক খবর

তারিখ ...10 SEP 1992 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

103

# চট্টগ্রামে ছাত্র দলের দু'গ্রুপে গোলাগুলী পলিটেকনিক বন্ধ ঘোষণা

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ৯ই সেপ্টেম্বর।- চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট ক্যাম্পাসে গতকাল মঙ্গলবার সারারাত ধরে ছাত্রদলের দু'গ্রুপের মধ্যে গোলাগুলী হয়েছে। উদ্ভূত পরিস্থিতি নিরসনে কর্তৃপক্ষ ইনস্টিটিউট ও ছাত্রাবাস বন্ধ ঘোষণা করেছে।

জাতীয়তাবাদী ছাত্রদলের বিবদমান দু'টি গ্রুপের প্রচন্ড গুলী বিনিময়ে পলিটেকনিক ক্যাম্পাস এলাকা গতকাল

২ এর পাতায় দেখুন

# চট্টগ্রাম পলিটেকনিক

প্রথম পৃষ্ঠার পর

রাতে রণক্ষেত্রে পরিণত হয়। পুলিশ আজ ছাত্রাবাসে তল্লাশী চালিয়ে বেশ কিছু ককটেল, দাও এবং কিরিচ উদ্ধার করে। তবে কোন অস্ত্র উদ্ধার হয়নি।

ছাত্রাবাসে সীট দখল নিয়ে গতকাল রাতে ছাত্রদলের দু'টি গ্রুপের বিরোধ তুঙ্গে পৌছে। বোমাবাজি ও গোলাগুলীতে ক্যাম্পাসে এবং আশে-পাশে ভীতিকর পরিস্থিতি নেমে আসে। সাধারণ ছাত্ররা মহা আতংকের মাঝে বিনিদ্র রাত অতিবাহিত করে। তীব্র উত্তেজনাময় পরিস্থিতিতে তারা সকালে ছাত্রাবাস ত্যাগ করতে শুরু করে। প্রশাসন পরিস্থিতি সামাল দিতে পুলিশ ডাকে। কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্যে ছাত্রাবাস বন্ধ করে দিয়েছে। ছাত্ররা বেলা ১২টার মধ্যে ছাত্রাবাস ছেড়ে গেছে। ক্লাসসমূহ ১৭ই সেপ্টেম্বর পর্যন্ত বন্ধ ঘোষণা করা হয়েছে। পলিটেকনিক এলাকায় এখন শূন্যতা বিরাজ করছে এবং পুলিশ মোতায়েন রয়েছে।

পুলিশ ছাত্রাবাসে তল্লাশী অভিযান চালিয়েছে। কিন্তু কোন আগ্নেয়াস্ত্রের সন্ধান পায়নি।